

# যুগ্মাত্মক

## দৌলতপুরে প্রধান শিক্ষক প্রাইভেটে ব্যস্ত

অভিযোগ সভাপতির

প্রকাশ : ১৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জের দৌলতপুর উপজেলার মান্দারতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শাহজাহান আলী নিজ বিদ্যালয়ে শিক্ষার্থীদের প্রাইভেটে পড়ান। আবার পরীক্ষায় নাম্বারও বেশি পাইয়ে দেন। এমনকি শিক্ষার্থীদের অসৎ উপায় অবলম্বন করারও সুযোগ করে দেন। উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে এমনই অভিযোগ করেছেন ওই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সভাপতি সামসূল ইসলাম। অভিযোগ দেয়ার পরও প্রধান শিক্ষকের বিরুদ্ধে কোনো ব্যবস্থা না নেয়ায় ক্ষুক্র বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি। এ বিষয়ে প্রধান শিক্ষক শাহজাহান আলীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সভাপতি সামসূল আলম মনগড়া একটি অভিযোগ করেছেন। তিনি শিক্ষার্থীদের প্রাইভেটে পড়ানো এবং বেশি নাম্বার পাইয়ে দেয়ার বিষয়টি অস্বীকার করেন।

এ ব্যাপারে দৌলতপুর উপজেলা শিক্ষা কর্মকর্তা মোয়াজেম হোসেন জানান, মান্দারতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শাহজাহান আলীর বিরুদ্ধে বিদ্যালয়ে সভাপতি একটি অভিযোগ দিয়েছেন। বিষয়টি তদন্তের জন্য উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়েছে। বর্তমানে পরীক্ষা চলার কারণে তদন্ত প্রতিবেদন কিছুটা সময় লাগবে বলে জানান।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।

ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।